T-TET 2016

This Booklet contains **48** printed pages.
এই প্রশ্নপত্রে **48** মুদ্রিত পৃষ্ঠা আছে।

# UP16—II

**Question Booklet No.** 200020
প্রশ্ন-পুস্তিকা সংখ্যা

**Question Booklet Series-Code**
প্রশ্নপত্রের সিরিজ-কোড

**A**

## PAPER—II
## পরীক্ষাপত্র—II

Do not open this Question Booklet until you are asked to do so.
এই প্রশ্নপত্র যতক্ষণ খুলতে না বলা হবে ততক্ষণ পর্যন্ত খুলবেন না।

Read carefully all the instructions given at the back page and on the front page of this Question Booklet.
এই প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠা ও শেষ পৃষ্ঠায় দেওয়া সমস্ত নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন।

### *Instructions for Candidates*

1. Use **Black Ballpoint Pen only** for writing particulars of this Question Booklet and marking responses on the OMR Answer Sheet.
2. This test is of **2 hours** and **30 minutes** duration and consists of **150** MCQ-type questions.
3. There is no negative marking for any wrong answer.
4. This Question Booklet has **Five** Parts—I, II, III, IV and V consisting of **150** MCQ-type Questions and each question carries 1 mark :

   Part–I : Child Development and Pedagogy (Q. Nos. 1–30)
   Part–II : Language–I (English) (Q. Nos. 31–60)
   Part–III : Language–II (Bengali) (Q. Nos. 61–90)
   Part–IV : Mathematics and Science (Q. Nos. 91–150)
   Part–V : Social Studies (Q. Nos. 91–150)
5. Candidates have to do Question Nos. 91 to 150 **EITHER** from Part–IV (Mathematics and Science) **OR** Part–V (Social Studies).
6. Please ensure that Question Booklet Series-Code is correctly written and shaded on the OMR Answer Sheet.
7. Rough work should be done only in the space provided in the Question Booklet for the same.
8. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully since there is no chance of alteration/correction.
9. Use of eraser or whitener is strictly prohibited.
10. Candidates should note that each question in Part—I, IV and V is given in bilingual form (English and Bengali). In case of any discrepancy or confusion in the medium/version, the English Version will be treated as the authentic version.

### *পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

1. এই প্রশ্নপত্রে লেখার জন্য এবং OMR উত্তরপত্রে উত্তর চিহ্নিত করতে **শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলম** ব্যবহার করুন।
2. এই পরীক্ষার সময় **2 ঘণ্টা 30 মিনিট**। পরীক্ষায় মোট **150** টি MCQ ধরনের প্রশ্ন থাকবে।
3. ভুল উত্তরের জন্য কোনও ঋণাত্মক নম্বর থাকবে না।
4. এই প্রশ্নপত্রের পাঁচটি ভাগ যথাক্রমে Parts—I, II, III, IV এবং V যেখানে 1 মূল্যাঙ্কের **150**টি MCQ ধরনের প্রশ্ন থাকবে :

   ভাগ–I : শিশু বিকাশ ও শিক্ষণ-শৈলী (প্রশ্ন সংখ্যা 1–30)
   ভাগ–II : ভাষা—I (ইংরাজী) (প্রশ্ন সংখ্যা 31–60)
   ভাগ–III : ভাষা—II (বাংলা) (প্রশ্ন সংখ্যা 61–90)
   ভাগ–IV : গণিত এবং বিজ্ঞান (প্রশ্ন সংখ্যা 91–150)
   ভাগ–V : সমাজবিদ্যা (প্রশ্ন সংখ্যা 91–150)
5. পরীক্ষার্থীকে প্রশ্ন নম্বর 91 থেকে 150-এর উত্তর করতে হবে Part—IV (গণিত এবং বিজ্ঞান বিভাগ) অথবা Part—V (সমাজবিদ্যা বিভাগ)-এর মধ্য থেকে যে কোনও একটি বিভাগ থেকে।
6. OMR উত্তরপত্রে সঠিকভাবে প্রশ্নপত্রের সিরিজ-কোড লিখতে হবে।
7. পরীক্ষার্থীকে রাফ ওয়ার্ক করতে হবে শুধুমাত্র কোশ্চেন বুকলেটে (প্রশ্নপত্রে) নির্দিষ্ট করা স্থানে।
8. প্রশ্নের উত্তর শুধুমাত্র OMR উত্তরপত্রে চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করার বিষয়ে পরীক্ষার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রশ্নের উত্তর একবার চিহ্নিত করা হয়ে গেলে কোনও অবস্থাতেই তাকে পরিবর্তন বা সংশোধন করা যাবে না।
9. কালি মোচনীয় ইরেজার বা সাদা-তরল জাতীয় বস্তুর ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
10. পরীক্ষার্থীদের মনে রাখতে হবে যে প্রশ্নপত্রের Part—I, IV এবং V-এর প্রশ্নগুলি দ্বি-ভাষিক (ইংরাজী ও বাংলা) হবে। এই ক্ষেত্রে ভাষা-মাধ্যম বা ভাষা-সংস্করণে কোনও ধরনের অসঙ্গতি অথবা বোঝার অসুবিধা উপলব্ধ হলে ইংরাজী সংস্করণকেই প্রকৃত শুদ্ধ বলে গণ্য করবেন।

Name of the Candidate (in Capitals) : ____________________
পরীক্ষার্থীর নাম (বড় অক্ষরে)

Roll No. : ____________________
রোল নং

OMR Answer Sheet No. ____________________
OMR উত্তরপত্রের নম্বর

*Full Signature of the Candidate with date*
*পরীক্ষার্থীর সম্পূর্ণ স্বাক্ষর তারিখসহ*

*Signature of the Invigilator with date*
*নিরীক্ষকের স্বাক্ষর তারিখসহ*

## PART—I / ভাগ—I

### CHILD DEVELOPMENT AND PEDAGOGY / শিশু বিকাশ ও শিক্ষণ-শৈলী

***Directions*** : Answer the following questions by selecting the *correct option* :

**1.** Development continues upto

(A) adolescence

(B) adulthood

(C) death

(D) None of the above

**2.** The intensity of children's emotion is

(A) high and long-lasting

(B) low and long-lasting

(C) high and momentary

(D) None of the above

**3.** The word 'adolescence' comes from the Latin word

(A) Adolescent

(B) Adolescea

(C) Adolescere

(D) None of the above

*নির্দেশিকা* : *সঠিক* উত্তর নির্বাচন করে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

**1.** বিকাশ ক্রমান্বয়িত হয়

(A) কৈশোর পর্যন্ত

(B) প্রাপ্তবয়স্ককাল পর্যন্ত

(C) মৃত্যু পর্যন্ত

(D) উপরের কোনটিই নয়

**2.** শিশুদের আবেগের তীব্রতা

(A) উচ্চ এবং দীর্ঘস্থায়ী

(B) মৃদু এবং দীর্ঘস্থায়ী

(C) উচ্চ এবং ক্ষণস্থায়ী

(D) উপরের কোনটিই নয়

**3.** 'Adolescence' শব্দটি এসেছে ল্যাটিন শব্দ

(A) Adolescent থেকে

(B) Adolescea থেকে

(C) Adolescere থেকে

(D) উপরের কোনটিই নয়

4. Wechsler Adult Intelligence Scale is a

(A) non-verbal test

(B) verbal test

(C) performance test

(D) None of the above

5. The formula for measuring IQ is

(A) $\frac{MA}{CA} \times 100$

(B) $\frac{CA}{MA} \times 100$

(C) $\frac{CA}{MA}$

(D) None of the above

6. According to Piaget, the fourth stage of cognitive development is

(A) the period of sensory-motor thinking

(B) preconceptual stage

(C) the period of concrete operation

(D) None of the above

7. Children begin to acquire gender stereotypes in

(A) early childhood

(B) puberty

(C) adolescence

(D) None of the above

8. Which of the following is not a strategy used in 'reciprocal teaching'?

(A) Questioning

(B) Summarizing

(C) Evaluating

(D) None of the above

4. ভেক্সলার-এর বয়স্কদের জন্য বুদ্ধি অভীক্ষাটি একটি

(A) ভাষাবিমুক্ত অভীক্ষা

(B) ভাষাভিত্তিক অভীক্ষা

(C) সম্পাদনী অভীক্ষা

(D) উপরের কোনটিই নয়

5. বুদ্ধ্যঙ্ক পরিমাপের সূত্রটি হল

(A) $\frac{MA}{CA} \times 100$

(B) $\frac{CA}{MA} \times 100$

(C) $\frac{CA}{MA}$

(D) উপরের কোনটিই নয়

6. পিয়াজের মতে জ্ঞানমূলক বিকাশের চতুর্থ স্তরটি হল

(A) সংবেদন ও সঞ্চালনমূলক চিন্তনের স্তর

(B) প্রাক্-ধারণামূলক স্তর

(C) বাস্তব সক্রিয়তার স্তর

(D) উপরের কোনটিই নয়

7. শিশুদের লিঙ্গ সংস্কারমূলক ধারণার সূত্রপাত হয়

(A) প্রাথমিক বাল্যকালে

(B) বয়ঃসন্ধিকালে

(C) কৈশোরে

(D) উপরের কোনটিই নয়

8. 'পারস্পরিক বিপরীতধর্মী শিখনে' নীচের কোন্ কৌশলটি ব্যবহৃত হয় না ?

(A) জিজ্ঞাসাবাদ

(B) সারসংক্ষিপ্তকরণ

(C) মূল্যায়ন

(D) উপরের কোনটিই নয়

**9.** The nativist perspective of language development was proposed by

(A) J. B. Watson

(B) McWhinney

(C) Noam Chomsky

(D) None of them

**10.** The basic principle of modern education, 'From Whole to Part' is built upon

(A) behaviourism

(B) gestaltism

(C) connectionism

(D) None of the above

**11.** Trisomy–21 is seen in

(A) Down syndrome

(B) Turner syndrome

(C) Klinefelter syndrome

(D) None of the above

**12.** Dyslexia is a form of

(A) mental retardation

(B) autism

(C) learning disability

(D) None of the above

**13.** Creativity and intelligence are generally

(A) negatively correlated

(B) not correlated

(C) correlated

(D) None of the above

**9.** ভাষা বিকাশের Nativist দৃষ্টিভঙ্গির প্রবক্তা হলেন

(A) J. B. Watson

(B) McWhinney

(C) Noam Chomsky

(D) উপরের কেউ নন

**10.** আধুনিক শিক্ষার মূলনীতি 'সমগ্র থেকে অংশের দিকে' গড়ে উঠেছে

(A) আচরণবাদের উপর

(B) সমগ্রতাবাদের উপর

(C) সংযোজনবাদের উপর

(D) উপরের কোনটিই নয়

**11.** ট্রাইসোমি-21 দেখা যায়

(A) ডাউন সিনড্রোমে

(B) টার্নার সিনড্রোমে

(C) ক্লাইনিফেল্টার সিনড্রোমে

(D) উপরের কোনটিই নয়

**12.** ডিসলেক্সিয়া হল এক ধরনের

(A) মানসিক প্রতিবন্ধকতা

(B) আত্মকেন্দ্রিকতা

(C) শিখন অক্ষমতা

(D) উপরের কোনটিই নয়

**13.** সৃজনশীলতা এবং বুদ্ধি সাধারণভাবে

(A) নেতিবাচকভাবে সম্পর্কিত

(B) সম্পর্কিত নয়

(C) সম্পর্কিত

(D) উপরের কোনটিই নয়

14. The 'investment theory' of creativity was proposed by

(A) Ausubel

(B) Sternberg and Lubert

(C) Cattell and Drevdahl

(D) None of them

14. সৃজনশীলতার 'বিনিয়োগ তত্ত্ব'টির প্রবক্তা হলেন

(A) Ausubel

(B) Sternberg এবং Lubert

(C) Cattell এবং Drevdahl

(D) উপরের কেউ নন

15. For identification of gifted children, we should not use

(A) test for measuring SQ

(B) test for measuring IQ

(C) test for measuring personality

(D) None of the above

15. উন্নত বুদ্ধিসম্পন্ন শিশুদের চিহ্নিতকরণের জন্য আমরা যে ধরনের অভীক্ষা ব্যবহার করব না, তা হল

(A) SQ পরিমাপন অভীক্ষা

(B) IQ পরিমাপন অভীক্ষা

(C) ব্যক্তিত্ব পরিমাপন অভীক্ষা

(D) উপরের কোনটিই নয়

16. Children may adopt teachers' positive or negative views and start to live upto them. This is called

(A) educational self-fulfilling prophecies

(B) isolation prophecies

(C) interaction prophecies

(D) None of the above

16. শিশুরা শিক্ষকদের সদর্থক বা নেতিবাচক দৃষ্টিভঙ্গিকে আত্মস্থ করে নেয় এবং এই দৃষ্টিভঙ্গি নিয়েই বাঁচতে থাকে। একে বলা হয়

(A) শিক্ষাগত স্ব-পরিপূরক ভাববাণী

(B) বিচ্ছিন্নকরণ ভাববাণী

(C) মিথস্ক্রিয়া ভাববাণী

(D) উপরের কোনটিই নয়

17. A school may accommodate a student with visual impairment by providing of large print textbook. This method is called

(A) isolation accommodation

(B) presentation accommodation

(C) inclusion accommodation

(D) None of the above

17. কোন বিদ্যালয় তার দৃষ্টিশক্তিগত সমস্যাসম্পন্ন শিশুর শিক্ষার জন্য বড় হরফে ছাপানো পাঠ্য বই-এর ব্যবস্থা করতে পারে। এই পদ্ধতিকে বলা হয়

(A) বিচ্ছিন্নকরণমূলক স্বাচ্ছন্দ্যবিধান

(B) উপস্থাপনমূলক স্বাচ্ছন্দ্যবিধান

(C) অন্তর্ভুক্তিমূলক স্বাচ্ছন্দ্যবিধান

(D) উপরের কোনটিই নয়

18. Students with poor fine motor skills should not be taught using the

(A) block letter

(B) typed letter

(C) cursive letter

(D) None of the above

18. সূক্ষ্ম পেশীগত সঞ্চালনে দুর্বল ক্ষমতাসম্পন্ন শিশুদের কোন্ অক্ষর ব্যবহার করে পাঠদান করা উচিত নয়?

(A) গোটা অক্ষর

(B) টাইপ করা অক্ষর

(C) টানা লেখায় লিখিত অক্ষর

(D) উপরের কোনটিই নয়

19. The student, who have an IQ of 98, is an intellectually poor student. The statement is

(A) right

(B) partially true

(C) wrong

(D) None of the above

19. যে ছাত্রের বুদ্ধ্যঙ্ক 98, সে স্বল্পবুদ্ধিসম্পন্ন। এই উক্তিটি

(A) সঠিক

(B) আংশিক সত্য

(C) ভুল

(D) উপরের কোনটিই নয়

**20.** Which of the following methods is not used as a method to measure the influence of heredity on learning?

(A) Twin study

(B) Study of adoptees

(C) Free association

(D) None of the above

**21.** The operant conditioning theory of learning was proposed by

(A) Pavlov

(B) Skinner

(C) Thorndike

(D) None of them

**22.** Social learning theory integrated the

(A) behavioural and humanistic theory

(B) behavioural and cognitive theory

(C) humanistic and psychoanalytic theory

(D) None of the above

**23.** Who has not given any trait theory of personality?

(A) Kretschmer

(B) Cattell

(C) Allport

(D) None of them

**20.** নিম্নোক্ত কোন্ পদ্ধতিটি শিক্ষায় বংশগতির প্রভাব পরিমাপক পদ্ধতি হিসাবে ব্যবহৃত হয় না ?

(A) যমজ সম্পর্কিত অধ্যয়ন

(B) দত্তক সম্পর্কিত অধ্যয়ন

(C) মুক্ত অনুষঙ্গ

(D) উপরের কোনটিই নয়

**21.** শিখনের অপারেন্ট অনুবর্তনের তত্ত্বটির প্রবক্তা হলেন

(A) প্যাভলভ

(B) স্কিনার

(C) থর্নডাইক

(D) উপরের কেউ নন

**22.** সামাজিক শিখনের তত্ত্বটি একত্রীকরণ করেছে

(A) আচরণবাদ ও মানবতাবাদের তত্ত্বকে

(B) আচরণবাদ ও জ্ঞানমূলক তত্ত্বকে

(C) মানবতাবাদ ও মনঃসমীক্ষণবাদ তত্ত্বকে

(D) উপরের কোনটিই নয়

**23.** কে ব্যক্তিত্বের কোনো সংলক্ষণ তত্ত্ব উপস্থাপিত করেন নি ?

(A) ক্রেৎস্মার

(B) ক্যাটেল

(C) অলপোর্ট

(D) উপরের কেউ নন

**24.** Meaningful perception of material is essential component of learning. This is a concept of

(A) gestaltism

(B) behaviourism

(C) connectionism

(D) None of the above

**24.** বিষয়বস্তুর অর্থপূর্ণ প্রত্যক্ষণ শিখনের জন্য প্রয়োজনীয় একটি উপাদান। এই ধারণাটি পোষণ করে

(A) সমগ্রতাবাদ

(B) আচরণবাদ

(C) সংযোজনবাদ

(D) উপরের কোনটিই নয়

**25.** Which of the following is not a primary emotion?

(A) Fear

(B) Anger

(C) Hope

(D) None of the above

**25.** নিম্নোক্ত কোনটি মৌলিক আবেগ নয়?

(A) ভয়

(B) ক্রোধ

(C) আশা

(D) উপরের কোনটিই নয়

**26.** Symbol and sign are the necessary elements of which of the following process?

(A) Thought process

(B) Sensory process

(C) Perceptual process

(D) None of the above

**26.** সংকেত এবং চিহ্ন নিম্নোক্ত কোন্ প্রক্রিয়াটির আবশ্যিক উপাদান?

(A) চিন্তন প্রক্রিয়া

(B) সংবেদন প্রক্রিয়া

(C) প্রত্যক্ষণ প্রক্রিয়া

(D) উপরের কোনটিই নয়

27. The concept of achievement motivation was propounded by

(A) Stout

(B) Bandura

(C) McClelland

(D) None of them

28. Personality was divided into extrovert and introvert by the renowned psychologist

(A) Freud

(B) Jung

(C) Adler

(D) None of them

29. Thematic apperception test is a

(A) performance test

(B) projective test

(C) personality inventory

(D) None of the above

30. The amount of learning material revived by a student, immediately after only one presentation of material is his or her

(A) capacity of memorization

(B) impersonal memory

(C) span of memory

(D) None of the above

27. অর্জন-প্রেষণা (অ্যাচিভমেন্ট মোটিভেশন) সম্পর্কিত ধারণাটির প্রবক্তা হলেন

(A) স্টাউট

(B) বান্দুরা

(C) ম্যাকলেল্যাণ্ড

(D) উপরের কেউ নন

28. ব্যক্তিসত্তাকে বহির্মুখী এবং অন্তর্মুখী হিসাবে বিভক্ত করেছেন প্রখ্যাত মনোবিদ

(A) ফ্রয়েড

(B) ইয়ুঙ

(C) অ্যাডলার

(D) উপরের কেউ নন

29. Thematic apperception test হল একটি

(A) সম্পাদনী অভীক্ষা

(B) প্রতিফলন অভীক্ষা

(C) ব্যক্তিসত্তা পরিমাপক ইনভেন্টরি

(D) উপরের কোনটিই নয়

30. শিখনের বিষয়বস্তু একবার মাত্র উপস্থাপনের পর সঙ্গে সঙ্গে শিক্ষার্থী যতটা পুনরুদ্রেক করতে পারে, তা হল তার

(A) স্মৃতির ক্ষমতা

(B) নৈর্ব্যক্তিক স্মৃতি

(C) স্মৃতির প্রসার

(D) উপরের কোনটিই নয়

## PART—II : Language—I

### ENGLISH

***Direction*** : Read the passage given below and answer the questions (Q. Nos. **31** to **35**) that follow by selecting the *correct options*.

There lived in a certain town of Persia two painters whose fame had spread far and wide. Both of them were so good at their work that it was difficult to say who was better. So it was settled that each painter would draw a picture and there would be judges to decide who had done better. One of the painters painted a bunch of grapes which looked so natural that the birds came and pecked at it. The judges were struck with wonder and felt he would surely win the competition. When they went to see what the other painter had done, they found him pointing at a screen that was in front of them. The rival painter thought that the picture was behind the screen and went forward to see it. He was greatly surprised to find that there was no screen, but only a picture on the wall. The judges were speechless with wonder and adjudged the second painter better as his picture could deceive a man while that of his rival had deceived only the birds.

**31.** The first painter's picture deceived

(A) the judges

(B) the rival painter

(C) the birds

(D) None of the above

**32.** The second painter's picture deceived

(A) the birds

(B) the rival painter

(C) the animals

(D) None of the above

**33.** How do you classify the given text?

(A) A report

(B) A biography

(C) A story

(D) None of the above

**34.** 'Rival' means

(A) opponent

(B) surprise

(C) judge

(D) None of the above

**35.** 'Pecked' means

(A) strike with beak

(B) surprised

(C) struck with wonder

(D) None of the above

**Direction :** Read the poem given below and answer the questions (Q. Nos. **36** to **40**) that follow by selecting the *correct options.*

*Say not, the struggle naught availeth,*
*The labour and the wounds are vain,*
*The enemy faints not, nor faileth,*
*And as things have been they remain.*

*If hopes were dupes, fears may be liars;*
*It may be, in yon smoke concealed,*
*Your comrades chase e'en now the fliers,*
*And, but for you, possess the field.*

*For while the tired waves, vainly breaking*
*Seem here no painful inch to gain,*
*Far back through creeks and inlets making,*
*Comes silent, flooding in, the main.*

*And not by eastern windows only,*
*When daylight comes, comes in the light,*
*In front the sun climbs slow, how slowly,*
*But westward, look, the land is bright.*

**36.** The poet urges

(A) to take a pessimistic view on the ground that our labour and pain come to nothing

(B) to take a pessimistic view on the ground that things will remain the same

(C) to continue struggle in the face of resistance and suffering

(D) None of the above

**37.** The poem is a/an

(A) sonnet

(B) ode

(C) lyric

(D) elegy

**38.** 'Availeth' means

(A) is of no use or help

(B) is of use or help

(C) without value

(D) None of the above

**39.** 'Dupes' means

(A) close companions

(B) strangers

(C) persons who are cheated

(D) persons who are defeated

**40.** The theme of the poem is

(A) our labour and pain come to nothing

(B) things will remain the same

(C) hope and success follow when the struggle is continued

(D) None of the above

***Directions*** : (Q. Nos. **41** to **48**) Fill in the blanks with correct alternative from among the given options in each of the following.

**41.** The drug trafficker has been sentenced to death by the high court. He will be —— in December.

(A) hang

(B) hung

(C) hanged

(D) None of the above

**42.** What are you doing —— coming Sunday?

(A) from

(B) on

(C) in

(D) None of the above

**43.** I —— in a first-class hotel. It's too expensive for me.

(A) 'm going to sleep

(B) sleep

(C) 've never slept

(D) am sleeping

**44.** Unfortunately, I haven't got —— time for watching TV.

(A) few

(B) no

(C) much

(D) little

**45.** Could you turn —— the TV? The soap opera is about to start.

(A) back

(B) on

(C) off

(D) out

**46.** —— at very high speed is extremely dangerous.

(A) Cars driven

(B) Drive cars

(C) Cars driving

(D) Driving cars

**47.** When he was young, he —— swim very well. He won medals and championships.

(A) had to

(B) can

(C) could

(D) None of the above

**48.** No other boy is as —— as James.

(A) tallest

(B) taller

(C) tall

(D) None of the above

**49.** A group of letters is given below which are numbered 1, 2, 3, 4, 5 and 6. Four alternatives containing combinations of these numbers are given. Select that combination of numbers so that letters arranged accordingly form a meaningful word :

C E L S M U : 1, 2, 3, 4, 5, 6

(A) 4, 6, 3, 5, 2, 1

(B) 5, 6, 4, 1, 3, 2

(C) 4, 6, 5, 2, 3, 1

(D) 5, 2, 3, 1, 6, 4

**50.** Choose the right alternative of—

A person who sacrifices his life for a cause

(A) Patriot

(B) Martyr

(C) Revolutionary

(D) Angst

**51.** Choose the correct option from the given alternatives for the stressed syllable in the following word :

demonstration

(A) \`de-mon-stra-tion

(B) de-\`mon-stra-tion

(C) de-mon-\`stra-tion

(D) de-mon-stra-\`tion

**52.** A disyllabic word with a weak prefix has the accent on

(A) the prefix

(B) the suffix

(C) the root

(D) None of the above

**53.** What is nucleus in a tone group?

(A) The least important syllable in a tone group

(B) A structure word in a tone group

(C) The most prominent syllable in a tone group

(D) None of the above

**54.** The intonation of question-tags is often quoted as a case of a difference in meaning being falling and rising tone. Thus the question tag 'aren't they' in "They are coming on Tuesday, aren't they" means

(A) the speaker is comparatively certain that the information is correct

(B) the speaker is not certain that the information is correct

(C) Both of the above are correct

(D) None of the above is correct

**55.** Fluency in the use of language requires

(A) knowledge of grammar

(B) knowledge of phonology

(C) skills of communication

(D) All of the above

**56.** Phonological knowledge includes

(A) correct pronunciation

(B) stress

(C) intonation

(D) All of the above

**57.** What is meant by comprehension of a text?

(A) Deciphering sounds and the scripts

(B) Decoding the text to extract meaning

(C) Both of the above

(D) None of the above

**58.** The order advocated for learning the language skills is

(A) writing, reading, speaking, listening

(B) reading, writing, listening, speaking

(C) listening, speaking, reading, writing

(D) speaking, listening, reading, writing

**59.** What does teaching of prose include?

(A) Novel

(B) Composition

(C) Story

(D) All of the above

**60.** Which of the following combinations is found in the 'statement-sentence' of English language?

(A) Subject-verb-object

(B) Subject-object-verb

(C) Verb-object-subject

(D) Object-verb-subject

## ভাগ—III : ভাষা—II

## বাংলা

*নির্দেশিকা* : নিম্নলিখিত পদ্যাংশটুকু পড়ে **61** নং থেকে **65** নং প্রশ্নের উত্তর দাও।

''পাড়াগেঁয়ে কবি;—প্রভুর আদেশে শহরেতে তার আসা;
বহু খুঁজে নিল মোহিনী রোডেতে ছোট্ট, একটি বাসা।
খুঁজে নিল বাসা, যথাসম্ভব মিলায়ে, কাব্য কোড;
অনতিদূরেই বকুল বাগান পাশ দিয়ে রসা রোড।
বামে কারখানা, কোণে জঙ্গল, ছোট্ট বাসার কাছে
বহু ভাষাভাষি খোট্টা পাড়া ও মস্ত বাজার আছে।''

**61.** 'অনতিদূরে' কথাটির অর্থ

(A) খুব কাছে

(B) বেশি দূরে নয়

(C) অনেক দূরে

(D) বহু দূরে

**62.** 'কাব্য কোড' কথাটির তাৎপর্য হল

(A) কাব্যরীতি বা কবিতার সংকেত

(B) কাব্যছন্দ

(C) কাব্য সৌন্দর্য

(D) কবিতার ভাষা

**63.** 'খোট্টা পাড়া'—এর ব্যাসবাক্য হবে

(A) খোট্টা ও পাড়া

(B) সেই পাড়া যেখানে খোট্টারা থাকে

(C) খোট্টাদের পাড়া

(D) যেই খোট্টা সেই পাড়া

**64.** 'খুঁজে নিল বাসা' বাক্যটিকে ভাববাচ্যে পরিবর্তিত করলে পাওয়া যাবে

(A) খুঁজে পাওয়া গেল বাসা

(B) খুঁজতে হল বাসা

(C) খুঁজতে গেল বাসা

(D) খুঁজে নেওয়া হল বাসা

**65.** এখানে কোন্ গাছের উল্লেখ আছে?

(A) নারিকেল গাছ

(B) আম গাছ

(C) জাম গাছ

(D) বকুল গাছ

*নির্দেশিকা* : নিম্নলিখিত গদ্যাংশটুকু পড়ে **66** নং থেকে **70** নং প্রশ্নের উত্তর দাও।

"তথায়, উপলঘাতিনী কলনাদিনী তটিনীরব সঙ্গে সুমন্দ-মধুর বায়ু এবং স্বরলহরী বিকীর্ণকারী কুঞ্জবিহঙ্গমগণ ধ্বনি মিশাইতেছে। তথায় স্তবকে স্তবকে বন্য কুসুমসকল প্রস্ফুটিত হইয়া, পার্বতীয় বৃক্ষরাজি আলোকময় করিতেছে। তথায়, রূপ উছলিতেছে, শব্দ তরঙ্গায়িত হইতেছে, গন্ধ মাতিয়া উঠিতেছে এবং মন প্রকৃতির বশীভূত হইতেছে। সেইখানে রাজসিংহ এক বৃহৎ প্রস্তরখণ্ডের উপর উপবেশন করিয়া পত্র দুইখানি পড়িতে প্রবৃত্ত হইলেন।"

**66.** ভাষারীতি অনুযায়ী গদ্যাংশটির সরল সাধুভাষায় লেখা। এই মন্তব্যটি

(A) ঠিক

(B) ভুল

(C) ঠিক ও ভুল দুটোই

(D) উপরের কোনোটিই নয়

**67.** 'মন প্রকৃতির বশীভূত হইতেছে' এই বাক্যাংশে 'মন' কোন্ কারকে, কোন্ বিভক্তি প্রকাশ করে?

(A) করণ কারকে শূন্য বিভক্তি

(B) সম্প্রদান কারকে শূন্য বিভক্তি

(C) অধিকরণ কারকে শূন্য বিভক্তি

(D) উপরের কোনোটিই নয়

**68.** উদ্ধৃত গদ্যাংশে 'তথায়' শব্দটি ব্যবহৃত হয়েছে

(A) একবার

(B) দুবার

(C) তিনবার

(D) চারবার

**69.** "বৃহৎ প্রস্তরখণ্ডের উপর উপবেশন করিয়া পত্র দুইখানি পড়িতে প্রবৃত্ত হইলেন।" বাক্যটিকে যৌগিক বাক্যে পরিবর্তিত করলে পাওয়া যাবে

(A) বৃহৎ প্রস্তরখণ্ডের উপর উপবেশনপূর্বক পত্র দুইখানি পড়িতে প্রবৃত্ত হইলেন

(B) বৃহৎ প্রস্তরখণ্ডের উপর উপবেশন করিলেন এবং পত্র দুইখানি পড়িতে প্রবৃত্ত হইলেন

(C) বৃহৎ প্রস্তরখণ্ডের উপর উপবেশন করিতে করিতে পত্র দুইখানি পড়িতে প্রবৃত্ত হইলেন

(D) উপরের কোনোটিই নয়

**70.** 'তটিনীরব' শব্দটির ব্যাসবাক্য হবে

(A) তটিনী ও রব

(B) যেখানে তটিনী সেখানে রব

(C) যখন রব তখন তটিনী আছে নিশ্চয়

(D) তটিনীর রব

*নির্দেশিকা* : নিম্নলিখিত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে **71** নং থেকে **90** নং প্রশ্নের উত্তর দাও।

**71.** স্তম্ভ > থাম — কোন্ ধরনের ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত?

(A) ঘোষীভবন

(B) অল্পপ্রাণীভবন

(C) মহাপ্রাণীভবন

(D) কণ্ঠ্যনালীয়ভবন

**72.** 'মাইক' (মাইক্রোফোন), 'ফোন' (টেলিফোন), 'মিনি' (মিনিমাম)—চলিত ভাষায় ব্যবহৃত এ ধরনের শব্দগুলিকে বলে

(A) ইতর শব্দ

(B) খণ্ডিত শব্দ

(C) মুণ্ডমাল শব্দ

(D) সাংকেতিক শব্দ

**73.** পশ্চিমবঙ্গের প্রধান উপভাষা হল

(A) রাঢ়ী

(B) বঙ্গালী

(C) কামরূপী

(D) বরেন্দ্রী

**74.** 'কেষ্ট'—এটি

(A) তৎসম শব্দ

(B) ভুয়া শব্দ

(C) তদ্ভব শব্দ

(D) অর্ধ-তৎসম শব্দ

**75.** 'আনারস', 'আলপিন', 'আলকাতরা' এই শব্দগুলি উৎসগতভাবে কোন্ ধরনের শব্দ?

(A) বিদেশী শব্দ

(B) দেশী শব্দ

(C) তদ্ভব শব্দ

(D) তৎসম শব্দ

**76.** 'গুরু পুছিঅ জান' এই বাক্যাংশে 'গুরু' কোন্ কারকে, কোন্ বিভক্তি প্রকাশ করে?

(A) কর্তৃ কারকে শূন্য বিভক্তি

(B) করণ কারকে শূন্য বিভক্তি

(C) কর্ম কারকে শূন্য বিভক্তি

(D) অপাদান কারকে শূন্য বিভক্তি

**77.** "ঠাঁস ঠাঁস ভাঙ্গিতেছে বাগানের বাঁশ।" এটা কোন্ বাচ্য?

(A) কর্মবাচ্য

(B) কর্তৃবাচ্য

(C) ভাববাচ্য

(D) কর্ম-কতৃবাচ্য

**78.** বাংলা ভাষার জন্ম হয়েছে

(A) মাগধী অপভ্রংশ অবহট্‌ঠ থেকে

(B) শৌরসেনী অপভ্রংশ অবহট্‌ঠ থেকে

(C) অর্ধ-মাগধী অপভ্রংশ অবহট্‌ঠ থেকে

(D) পৈশাচী অপভ্রংশ অবহট্‌ঠ থেকে

**79.** "দেখিবারে আঁখি-পাখি ধায়।" এই বাক্যাংশে 'আঁখি-পাখি' কোন্ সমাসের অন্তর্গত?

(A) উপমান কর্মধারয়

(B) উপমিত কর্মধারয়

(C) মধ্যপদলোপী কর্মধারয়

(D) রূপক কর্মধারয়

**80.** 'মিসমিদের কবচ'—এর রচয়িতা হলেন

(A) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

(B) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

(C) মানিক বন্দ্যোপাধ্যায়

(D) সুনীল গঙ্গোপাধ্যায়

**81.** 'কস্যচিৎ উপযুক্ত ভাইপোস্য' এই ছদ্মনামের আড়ালে আসল ব্যক্তিটি হলেন

(A) মধুসূদন দত্ত

(B) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(D) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

**82.** 'মায়াকানন' মধুসূদনের লেখা একটি

(A) কাব্য

(B) নাটক

(C) সনেট

(D) প্রহসন

**83.** 'নন্দিনী' চরিত্রটি আছে

(A) মধুসূদনের 'শর্মিষ্ঠা'য়

(B) বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ'-এ

(C) শরৎচন্দ্রের 'শ্রীকান্ত'-এ

(D) রবীন্দ্রনাথের 'রক্তকরবী'তে

**84.** ''চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা।'' এই পংক্তিটির রচয়িতা

(A) সুকান্ত ভট্টাচার্য

(B) জীবনানন্দ দাশ

(C) মধুসূদন দত্ত

(D) নজরুল ইসলাম

**85.** 'মন্দ্র' কাব্যটি লিখেছিলেন

(A) অন্নদাশঙ্কর রায়

(B) দ্বিজেন্দ্রলাল রায়

(C) সুকুমার রায়

(D) লীলা মজুমদার

**86.** 'আমি কলকাতা যাই'—এই বাক্যটিকে 'আমি কলকাতা যান' বললে বাক্যটি হবে

(A) অশুদ্ধ

(B) শুদ্ধ

(C) শুদ্ধও হতে পারে, অশুদ্ধও হতে পারে

(D) উপরের কোনোটিই নয়

**87.** 'আমি শরবত দিয়ে চিনি করে খাই' বাক্যটি

(A) অর্থযুক্ত

(B) নিরর্থক

(C) অর্থ-পরম্পরা যুক্ত

(D) উপরের কোনোটিই নয়

**88.** ব্যাকরণ শিক্ষার ক্ষেত্রে নিম্নলিখিত যে পদ্ধতি সর্বাপেক্ষা কার্যকরী তা হল

(A) অবরোহী পদ্ধতি

(B) বিশ্লেষণ পদ্ধতি

(C) আরোহী পদ্ধতি

(D) ব্যাকরণ পাঠ্যপুস্তক পদ্ধতি

**89.** ভাষার শিক্ষক হিসাবে শিক্ষার্থীর ভুল উচ্চারণ সংশোধনের জন্য আপনি কি করবেন?

(A) শিক্ষার্থীকে আবৃত্তি ও শ্রুতি নাটকের রেকর্ড কখনোই শোনাবেন না

(B) শ্রেণীকক্ষে সরব পাঠের উপর জোর দেবেন

(C) ব্যাকরণের ক্লাস বেশী করে নেবার প্রয়োজন নেই

(D) শ্রেণীকক্ষে শ্রুতিলিখনের উপর গুরুত্ব দেবেন

**90.** 'করিয়া' শব্দটি চলিত বাংলায় 'করে' হয়, এর ধ্বনিতাত্ত্বিক সূত্র হল

(A) অপিনিহিতি

(B) অভিশ্রুতি

(C) মধ্যস্বরাগম

(D) আদিস্বরলোপ

| | |
|---|---|
| Candidates have to answer Question Nos. **91** to **150** *Either* from Part—IV (Mathematics and Science) *Or* from Part—V (Social Studies). | পরীক্ষার্থীদের প্রশ্ন সংখ্যা **91** থেকে **150** উত্তর করতে হবে হয় ভাগ–IV (গণিত এবং বিজ্ঞান) থেকে *অথবা* ভাগ–V (সমাজবিদ্যা) থেকে। |

## PART—IV / ভাগ—IV

## MATHEMATICS AND SCIENCE / গণিত এবং বিজ্ঞান

***Directions*** : Answer the following questions by selecting the *correct option*.

**91.** The difference between the two numbers is 47·364. If the smaller number is 31·855, then the bigger number is

(A) 15·509 (B) 79·119

(C) 79·219 (D) 79·129

**92.** If the sum of the digits of any number lying between 100 and 1000 is subtracted from the number, the difference is always divisible by

(A) 9

(B) 12

(C) 6

(D) None of the above

**93.** The number of prime numbers less than 50 is

(A) 13 (B) 14

(C) 15 (D) 16

**94.** If $x^a \times x^b \times x^c = 1$, then the value of $a^3 + b^3 + c^3$ is

(A) 0

(B) $a+b+c$

(C) $abc$

(D) $3abc$

*নির্দেশিকা* : *সঠিক উত্তর নির্বাচন করে নীচের প্রশ্নগুলির উত্তর দাও।*

**91.** দুটি সংখ্যার মধ্যে পার্থক্য 47·364. যদি ছোট সংখ্যাটি 31·855 হয়, তবে বড় সংখ্যাটি হবে

(A) 15·509 (B) 79·119

(C) 79·219 (D) 79·129

**92.** 100 এবং 1000-এর মধ্যবর্তী যে কোনো সংখ্যা থেকে সংখ্যাটির অঙ্কগুলোর সমষ্টি বিয়োগ করলে বিয়োগফল সর্বদা যে সংখ্যা দ্বারা বিভাজ্য হবে তা হল

(A) 9

(B) 12

(C) 6

(D) উপরের কোনটিই নয়

**93.** 50 অপেক্ষা ক্ষুদ্রতর সংখ্যাগুলোর মধ্যে মৌলিক সংখ্যার সংখ্যা হবে

(A) 13 (B) 14

(C) 15 (D) 16

**94.** যদি $x^a \times x^b \times x^c = 1$ হয়, তবে $a^3 + b^3 + c^3$ এর মান হবে

(A) 0

(B) $a+b+c$

(C) $abc$

(D) $3abc$

SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

**95.** $\left[\left(\frac{1}{2}\right)^{-1}+\left(\frac{2}{3}\right)^{2}-\left(\frac{3}{4}\right)^{0}\right]^{-2} = ?$

(A) $\frac{16}{81}$ (B) $\frac{81}{169}$

(C) $\frac{169}{81}$ (D) $\frac{9}{13}$

**96.** A certain number of men could do a piece of work in 60 days. If there were 8 more men, it could be finished in 10 days less. The number of men in the beginning were

(A) 50 (B) 45

(C) 40 (D) 35

**97.** The consecutive two discounts of 10% and 20% same as single discount of

(A) 32% (B) 30%

(C) 28% (D) 40%

**98.** If $a:b=4:5$ and $b:c=6:7$, then $a:b:c$ is

(A) 24 : 30 : 35

(B) 26 : 30 : 35

(C) 5 : 6 : 7

(D) 4 : 5 : 6

**95.** $\left[\left(\frac{1}{2}\right)^{-1}+\left(\frac{2}{3}\right)^{2}\left(\frac{3}{4}\right)^{0}\right]^{-2} = ?$

(A) $\frac{16}{81}$ (B) $\frac{81}{169}$

(C) $\frac{169}{81}$ (D) $\frac{9}{13}$

**96.** কিছু লোক একটি কাজ 60 দিনে সম্পন্ন করতে পারে। যদি 8 জন লোক বেশী থাকত তাহলে কাজটি সম্পন্ন করতে 10 দিন সময় কম লাগত। শুরুতে লোকসংখ্যা ছিল

(A) 50 (B) 45

(C) 40 (D) 35

**97.** পরপর দুটি ছাড় 10% এবং 20%-এর সমতুল্য একক ছাড় হবে

(A) 32% (B) 30%

(C) 28% (D) 40%

**98.** যদি $a:b=4:5$ এবং $b:c=6:7$ হয়, তবে $a:b:c$ হবে

(A) 24 : 30 : 35

(B) 26 : 30 : 35

(C) 5 : 6 : 7

(D) 4 : 5 : 6

SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

**99.** What sum of money will amount to ₹416 in 1 year 4 months at 3% per annum simple interest?

(A) ₹395 (B) ₹400

(C) ₹410 (D) ₹390

**100.** 400 mangoes were purchased at ₹125 per hundred and were sold for a profit of ₹100. The selling price per dozen is

(A) ₹18 (B) ₹15

(C) ₹16 (D) ₹20

**101.** A mixture of 40 litres of milk and water contains 10% of water. How much of water must be added to make the water 20% in the new mixture?

(A) 7 litres

(B) 6 litres

(C) 5 litres

(D) 4 litres

**102.**




In the above figure, $O$ is the centre of the circle and $OD \perp AB$. When $AB = 16$ cm, then the value of $OA$ is

(A) 5 cm (B) 15 cm

(C) 10 cm (D) 8 cm

**99.** বার্ষিক 3% সরল সুদে কত টাকা সুদেমূলে 1 বছর 4 মাসে 416 টাকা হবে?

(A) 395 টাকা (B) 400 টাকা

(C) 410 টাকা (D) 390 টাকা

**100.** প্রতি শত আম 125 টাকা করে 400টি আম কিনে 100 টাকা লাভে সবগুলোকে বিক্রি করলে প্রতি ডজন আমের বিক্রয়মূল্য হবে

(A) 18 টাকা (B) 15 টাকা

(C) 16 টাকা (D) 20 টাকা

**101.** দুধ ও জলের 40 লিটারের একটি মিশ্রণে 10% জল আছে। ঐ মিশ্রণে আর কতটুকু জল মেশালে নতুন মিশ্রণে জলের পরিমাণ 20% হবে?

(A) 7 লিটার

(B) 6 লিটার

(C) 5 লিটার

(D) 4 লিটার

**102.**




উপরের চিত্রে $O$ হচ্ছে বৃত্তের কেন্দ্র এবং $OD$, $AB$-এর উপর লম্ব। যখন $AB = 16$ সে.মি., তখন $OA$-এর মান হবে

(A) 5 সে.মি. (B) 15 সে.মি.

(C) 10 সে.মি. (D) 8 সে.মি.

SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

**103.** In the given figure, if $AB \parallel CD \parallel EF$, then the measure of $\angle CEF$ is




(A) 210°

(B) 140°

(C) 70°

(D) None of the above

**104.**




In the above figure, $O$ is the centre of the circle. If $\angle AOB = 110°$ and $\angle AOC$ is a right angle, then the measure of $\angle BAC$ is

(A) 100° (B) 90°

(C) 85° (D) 80°

**105.** In a quadrilateral $PQRS$, if $\angle P = 60°$ and $\angle Q : \angle R : \angle S = 2 : 3 : 7$, then $\angle S$ is

(A) 175° (B) 135°

(C) 150° (D) 120°

**103.** প্রদত্ত চিত্রে যদি $AB \parallel CD \parallel EF$ হয়, তবে $\angle CEF$ এর পরিমাপ হবে




(A) 210°

(B) 140°

(C) 70°

(D) উপরের কোনটিই নয়

**104.**




উপরের চিত্রে $O$ হল বৃত্তটির কেন্দ্র। যদি $\angle AOB = 110°$ এবং $\angle AOC$ একটি সমকোণ হয়, তবে $\angle BAC$ এর পরিমাপ হবে

(A) 100° (B) 90°

(C) 85° (D) 80°

**105.** $PQRS$ চতুর্ভুজে যদি $\angle P = 60°$ হয় এবং $\angle Q : \angle R : \angle S = 2 : 3 : 7$ হয়, তবে $\angle S$ এর মান হবে

(A) 175° (B) 135°

(C) 150° (D) 120°

SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

106. If $V$ be the volume and $S$ be the surface area of a cuboid with dimensions $a \times b \times c$, then which of the following is true?

(A) $\frac{1}{V} = \frac{2}{S}\left(\frac{1}{a}+\frac{1}{b}+\frac{1}{c}\right)$

(B) $\frac{1}{V} = \frac{2}{S}(a+b+c)$

(C) $\frac{1}{S} = \frac{2}{V}\left(\frac{1}{a}+\frac{1}{b}+\frac{1}{c}\right)$

(D) None of the above

107. A spherical balloon was deflated till its radius was reduced to one-third of original. If its volume becomes $n$ times of its original volume, then the value of $n$ is

(A) $\frac{1}{3}$ (B) $\frac{1}{18}$

(C) $\frac{1}{27}$ (D) 27

108. Twelve solid spheres of the same size are made by melting a solid metallic cylinder of base diameter 2 cm and height 16 cm. The diameter of each sphere is

(A) 4 cm

(B) 2 cm

(C) 3 cm

(D) 6 cm

106. $a \times b \times c$ মাত্রার কোনো আয়তঘনর আয়তন এবং পৃষ্ঠতলের ক্ষেত্রফল যথাক্রমে $V$ এবং $S$ হলে নীচের কোনটি সত্য ?

(A) $\frac{1}{V} = \frac{2}{S}\left(\frac{1}{a}+\frac{1}{b}+\frac{1}{c}\right)$

(B) $\frac{1}{V} = \frac{2}{S}(a+b+c)$

(C) $\frac{1}{S} = \frac{2}{V}\left(\frac{1}{a}+\frac{1}{b}+\frac{1}{c}\right)$

(D) উপরের কোনটিই নয়

107. একটি গোলাকৃতি বেলুন সঙ্কুচিত হতে শুরু করে তার ব্যাসার্ধ মূল ব্যাসার্ধের এক-তৃতীয়াংশ হয়ে যায়। এতে বেলুনটির আয়তন মূল আয়তনের $n$ গুণ হলে, $n$ এর মান হবে

(A) $\frac{1}{3}$ (B) $\frac{1}{18}$

(C) $\frac{1}{27}$ (D) 27

108. একটি ধাতব নিরেট চোঙের ভূমির ব্যাস 2 সে.মি. এবং উচ্চতা 16 সে.মি.। চোঙটিকে গলিয়ে সমআয়তনের 12টি নিরেট গোলক তৈরী করা হলে প্রতিটি গোলকের ব্যাস হবে

(A) 4 সে.মি.

(B) 2 সে.মি.

(C) 3 সে.মি.

(D) 6 সে.মি.

SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

**109.** If the volume of a cube is $3\sqrt{3}a^3$ cubic unit, then the surface area of the cube is

(A) $6a^2$ square unit

(B) $\sqrt{3}a^2$ square unit

(C) $18\sqrt{3}a^2$ square unit

(D) $18a^2$ square unit

**110.** The area of the square that can be inscribed in a circle of radius 8 cm is

(A) 128 $cm^2$

(B) 256 $cm^2$

(C) $64\sqrt{2}$ $cm^2$

(D) 64 $cm^2$

**111.** For the given data

$-1, 0, 1, 2, 3, 5, 5, 6, 8, 10, 11$

which one of the following is true?

(A) Mean = Median = Mode

(B) Mean = Mode

(C) Median = Mode

(D) None of the above

**112.** If the average consumption of petrol for 5 months for a car is 96 litres and that of next 7 months is 120 litres, then monthly average consumption is

(A) 105 litres

(B) 100 litres

(C) 110 litres

(D) 120 litres

**109.** যদি একটি ঘনকের আয়তন $3\sqrt{3}a^3$ ঘন একক হয়, তবে ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল হবে

(A) $6a^2$ বর্গ একক

(B) $\sqrt{3}a^2$ বর্গ একক

(C) $18\sqrt{3}a^2$ বর্গ একক

(D) $18a^2$ বর্গ একক

**110.** 8 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট কোনো বৃত্তে একটি বর্গক্ষেত্র অন্তলিখিত হলে বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল হবে

(A) 128 বর্গ সে.মি.

(B) 256 বর্গ সে.মি.

(C) $64\sqrt{2}$ বর্গ সে.মি.

(D) 64 বর্গ সে.মি.

**111.** প্রদত্ত তথ্য

$-1, 0, 1, 2, 3, 5, 5, 6, 8, 10, 11$

এর ক্ষেত্রে নীচের কোন্‌টি সত্য ?

(A) গড় = মধ্যমা = সংখ্যাগুরু মান

(B) গড় = সংখ্যাগুরু মান

(C) মধ্যমা = সংখ্যাগুরু মান

(D) উপরের কোনটিই নয়

**112.** একটি গাড়ীর 5 মাসে গড়ে 96 লিটার করে পেট্রল খরচ হয় এবং পরের 7 মাসে গড়ে 120 লিটার করে পেট্রল খরচ হলে, গাড়ীটির গড়ে মাসিক পেট্রল খরচ হয়

(A) 105 লিটার

(B) 100 লিটার

(C) 110 লিটার

(D) 120 লিটার

SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

**113.** If $y$ is the mean of $x_1, x_2, \cdots, x_n$, then the value of

$$(x_1 - y) + (x_2 - y) + \cdots + (x_n - y)$$

is

(A) 1

(B) 0

(C) 10

(D) None of the above

**113.** যদি $x_1, x_2, \cdots, x_n$ এর গড় মান $y$ হয়, তবে $(x_1 - y) + (x_2 - y) + \cdots + (x_n - y)$ এর মান হবে

(A) 1

(B) 0

(C) 10

(D) উপরের কোনটিই নয়

**114.** The range of the following data

6, 14, 20, 16, 6, 5, 4, 18, 25, 15 and 5

is

(A) 21 (B) 4

(C) 25 (D) 20

**114.** নিম্নলিখিত তথ্য

6, 14, 20, 16, 6, 5, 4, 18, 25, 15 এবং 5

থেকে প্রাপ্ত প্রসারের মান হবে

(A) 21 (B) 4

(C) 25 (D) 20

**115.** The mathematician who is known as 'prince of mathematicians' is

(A) Laplace

(B) Hardy

(C) Gauss

(D) None of them

**115.** 'গণিতজ্ঞদের যুবরাজ' হিসেবে খ্যাত গণিতজ্ঞ হলেন

(A) ল্যাপলাস

(B) হার্ডি

(C) গাউস

(D) উপরের কেউই নন

**116.** Which work is not related with a teacher while teaching?

(A) Planning

(B) Teaching

(C) Guidance

(D) Budgeting

**116.** শিক্ষাদানে নীচের কোন্ বিষয়টি শিক্ষকের সঙ্গে সম্পর্কযুক্ত নয় ?

(A) পরিকল্পনা

(B) শিক্ষাদান

(C) নির্দেশনা

(D) অর্থব্যয়ের পরিকল্পনা নির্ধারণ

SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

**117.** TLM is the short form of

(A) Total Learning Method

(B) Teaching-Learning Materials

(C) Teaching-Learning Models

(D) None of the above

**118.** Mathematics is the science of

(A) space

(B) number

(C) calculation

(D) All of the above

**119.** With which of the following subjects, Mathematics is highly correlated?

(A) Chemistry

(B) Botany

(C) Physics

(D) Zoology

**120.** In deductive method, a teacher should proceed from

(A) abstract to concrete

(B) example to formula

(C) particular to general

(D) None of the above

**117.** TLM নীচের কোনটির সংক্ষিপ্ত রূপ ?

(A) সামগ্রিক শিখন পদ্ধতি (Total Learning Method)

(B) শিক্ষণ-শিখন উপাদান (Teaching-Learning Materials)

(C) শিক্ষণ-শিখন মডেল (Teaching-Learning Models)

(D) উপরের কোনটিই নয়

**118.** গণিত এমন একটি বিজ্ঞান যার অন্তর্ভুক্ত বিষয় হল

(A) ক্ষেত্র

(B) সংখ্যা

(C) গণনা

(D) উপরের সবকয়টি

**119.** নীচের বিষয়গুলির মধ্যে কোনটি গণিতের সঙ্গে উচ্চ সংগতিসম্পন্ন ?

(A) রসায়ন

(B) উদ্ভিদবিদ্যা

(C) পদার্থবিদ্যা

(D) প্রাণীবিদ্যা

**120.** অবরোহী পদ্ধতিতে একজন শিক্ষকের অগ্রসর হওয়া উচিত

(A) বিমূর্ত থেকে মূর্তের দিকে

(B) দৃষ্টান্ত থেকে সূত্রের দিকে

(C) বিশেষ থেকে সাধারণের দিকে

(D) উপরের কোনটিই নয়

SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

121. Where does the process of digestion of food start in human?

(A) Stomach

(B) Oesophagus

(C) Buccal cavity

(D) None of the above

122. The organism feeding on dead and decaying organic matter is

(A) mushroom

(B) yeast

(C) mucor

(D) All of the above

123. *Saccharomyces cerevisiae* is employed in the production of

(A) bread

(B) vinegar

(C) Both (A) and (B)

(D) None of the above

124. —— types of mosquitoes are the chief vector of Japanese encephalitis virus in India.

(A) Culex

(B) Anopheles

(C) Aedes

(D) None of the above

125. WBCs are present in

(A) blood and lymph

(B) blood and general tissue fluid

(C) blood, lymph and general tissue fluid

(D) None of the above

121. মানুষের কোন্ জায়গায় খাদ্য পরিপাক আরম্ভ হয় ?

(A) পাকস্থলী

(B) খাদ্যনালী

(C) মুখগহ্বর

(D) উপরের কোনটিই নয়

122. মৃত এবং পচনশীল জৈব পদার্থে বেঁচে থাকে যে জীব, সেটি হল

(A) মাশরুম

(B) ঈস্ট

(C) মিউকর

(D) উপরের সবকটিই

123. যা প্রস্তুত করতে *Saccharomyces cerevisiae* ব্যবহৃত হয় তা হল

(A) পাঁউরুটি

(B) ভিনিগার

(C) (A) এবং (B) দুটিই

(D) উপরের কোনটিই নয়

